# কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড

engage^ny
Our Students. Their Moment.

## প্রায়শঃই যে সকল প্রশ্ন করা হয় (FAQ)

নিউইয়র্কবাসী পিতা-মাতারা কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড সম্পর্কে আরো জানতে চান। নিচে এই মান সম্পর্কে প্রায়শঃই যে সমস্ত প্রশ্ন করা হয় তার উত্তর দেয়া হল। সময়ে সময়ে এগুলোকে হালনাগাদ করা হবে । কমন কোর বিষয়ে স্কুলের কাজ সম্পর্কে আরো জানতে হলে দয়া করে আপনার সন্তানের শিক্ষক অথবা প্রিন্সিপালের সাথে যোগাযোগ করুন।

**প্রশ্নঃ কমন কোর স্টেট স্ট্যান্ডার্ডগুলি কি?**
**উত্তরঃ** প্রি-কেজি থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র ছাত্রীদের কি জানা উচিত এবং ইংরেজী ভাষা সাহিত্য ও গণিতে কি করতে পারবে কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড তাই দেখায়। সমস্ত রাষ্ট্র জুড়ে সকল ছাত্রদেরকে একই দক্ষতা অর্জনে এই স্ট্যান্ডার্ড সাহায্য করে। এটা নিশ্চিত করবে যে তারা তাদের কলেজ ও পেশার জন্য প্রস্তুত। যে সমস্ত বিষয় এবং দক্ষতা বেশী গুরুত্বপূর্ণ শিক্ষকেরা সেগুলি কিভাবে শিশুদের শিখতে সাহায্য করবে সেই ‘পরিবর্তন’ও এই স্ট্যান্ডার্ড এ অন্তর্ভুক্ত। সব তরুণদের কলেজ ও ক্যারিয়ার এ প্রস্তুত করতে সাহায্য করার জন্য এ স্ট্যান্ডার্ড প্রস্তুত করা হয়েছে।

**প্রশ্নঃ কমন স্ট্যান্ডার্ড অনুসরনের মানে কি সবাই কম শিখবে?**
**উত্তরঃ** না, কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড রাষ্ট্রে প্রচলিত সেরা স্ট্যান্ডার্ডগুলি জড়ো করে গঠন করা হয়েছে। এ ছাড়াও অন্যান্য রাষ্ট্রে প্রচলিত স্ট্যান্ডার্ড এবং চাকরি ও উচ্চতর শিক্ষায় সফলতার জন্য কি প্রয়োজন সে ব্যাপারে ব্যাপক অনুসন্ধানের মাধ্যমে এই স্ট্যান্ডার্ড গড়ে তোলা হয়েছে। এই কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড ছাত্র ছাত্রী এবং শিক্ষকদের প্রতি শ্রেণীতে মৌলিক দক্ষতা ও বিষয়ের প্রতি মনোযোগ দিতে বলে। এর মানে হচ্ছে ছাত্র ছাত্রীরা অল্প বিষয়ে অধিক শিখতে পারবে। শিক্ষকেরাও কোন বিষয়য় সম্পর্কে বিস্তারিত আলোচনা করার সময় পাবেন। ছাত্র-ছাত্রীদেরকে কি শিখানো হচ্ছে সেটা বুঝতে তাদেরকে সহযোগিতা করবে।

**প্রশ্নঃ কিভাবে শিখাতে হবে তা এ স্ট্যান্ডার্ড শিক্ষকদের বলে কিনা?**
**উত্তরঃ** না, সেরা ক্লাস রুমের পাঠ এবং ক্রিয়াকলাপ তৈরী করতে শিক্ষকদের সাহায্য করার জন্য এটা একটা হাতিয়ার। প্রত্যেকটি শ্রেণীতে সফল হওয়ার জন্য কি করতে হবে তা দেখাতে এ স্ট্যান্ডার্ড ছাত্র-ছাত্রী এবং পিতা-মাতাদের সহায়তা করে। এগুলো শিক্ষক, ছাত্র ছাত্রী এবং অভিভাবকদের জন্য একটি গুরুত্বপূর্ণ রোডম্যাপ।

**প্রশ্নঃ কিভাবে স্ট্যান্ডার্ড গুলোকে উন্নত করা হয়েছিল?**
**উত্তরঃ** একটি কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড লিখতে ৪৬ টি রাষ্ট্রের বিশেষজ্ঞ, শিক্ষক এবং গবেষকরা মিলিত হয়েছিলেন, সাথে ছিল প্রায় দশ হাজার মতামত ও পরামর্শ যার মধ্যে অনেকগুলি ছিল নিউইয়র্ক এর শিক্ষক এবং পিতামাতাদের। ২০১০ সালে এটা নিউইয়র্কে গৃহীত হয়। আমাদের শ্রেণী কক্ষের জন্য এ স্ট্যান্ডার্ড ভালভাবে মিলেছে এবং আমাদের ছাত্র ছাত্রীদের বেশী শিখতে সাহায্য করবে। স্ট্যান্ডার্ড এর সম্পূর্ণ সেটটি পড়ার জন্য http://corestandards.org/the-standards

**প্রশ্নঃ এর মান কি অধিক পরীক্ষা?**
**উত্তরঃ** না, কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড মানে বেশী পরীক্ষা নয়, কিন্তু বিভিন্ন ধরনের এবং উন্নত মানের পরীক্ষা থাকবে। ২০১৩ সালের এপ্রিল থেকে নিউ ইয়র্ক স্টেট এ্যাসেসমেন্ট তৃতীয় থেকে অষ্টম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ইংরেজী ভাষা সাহিত্য ও গণিতের সাধারণ মৌলিক জ্ঞান ও দক্ষতার পরীক্ষা নিবে। এই নতুন পরীক্ষায় স্ট্যান্ডার্ড এর পরিবর্তন বা ‘শিফট’ এর প্রতিফলন থাকবে। এই পরীক্ষা নিশ্চিত করবে যে ছাত্র ছাত্রীরা তাদের শ্রেণী পর্যায়ের প্রত্যাশা পূরণে সক্ষম।

**প্রশ্নঃ এই নতুন পরীক্ষা কি কঠিন হবে?**
**উত্তরঃ** শুরুতে নতুন পরীক্ষা কঠিন মনে হতে পারে, এটাই স্বাভাবিক। এই নতুন পরীক্ষা স্ট্যান্ডার্ড এ ‘পরিবর্তন’ এর উপর ভিত্তি করে হবে। সময়ের সাথে সাথে ছাত্র ছাত্রী এবং শিক্ষকরা পূর্ণাঙ্গ প্রত্যাশার সাথে মানিয়ে নিবে। এমনও হতে পারে ছাত্র ছাত্রীদের পরীক্ষার ফল প্রথম বা দ্বিতীয় বছরের নতুন পরীক্ষার ক্ষেত্রে কমে যেতে পারে । যাই হোক না কেন, এই পরীক্ষাগুলি শিক্ষার্থীর কৃতিত্ব আরও উন্নত করার জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। যে সকল শিক্ষার্থীর পরবর্তী শ্রেণীতে সফলতার সাথে উন্নীত হওয়ার জন্য আরো বেশী সহযোগীতা দরকার তাদেরকে সনাক্ত করার জন্য এই পরীক্ষাগুলি শিক্ষক এবং অধ্যক্ষকে সহায়তা করবে।

**প্রশ্নঃ প্রতিবন্ধী ছাত্র এবং ইংরেজী ভাষা শিক্ষার্থীর জন্য এই কাজের মানে কি?**
**উত্তরঃ** বিষয়াবলী বিষদভাবে পড়াতে এই স্ট্যান্ডার্ড শিক্ষকদেরকে অধিক সময় দিতে সহায়তা করবে। যা পড়ানো হচ্ছে তা সত্যিকারভাবে বুঝতে শিক্ষার্থীদের সুযোগ দিবে। ইংরেজী ভাষার ছাত্র এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে এই স্ট্যান্ডার্ড প্রয়োগের একটি পরিস্কার দিক নির্দেশনা আছে। এই বিষয়টিকে ক্রমাগত উন্নত করার জন্য সকল রাষ্ট্রই একই সাথে কাজ করে যাবে। যার ফলে সকল শিক্ষার্থী একটি শক্তিশালী সহায়ক ব্যবস্থা পাবে।

**প্রশ্নঃ সমস্ত দেশ জুড়ে ছাত্রছাত্রীদের কাছে কমন কোর স্ট্যান্ডার্ড এর মানে কি?**
**উত্তরঃ** সমস্ত দেশ জুড়ে শিক্ষা ক্ষেত্রে এ স্ট্যান্ডার্ড পরিস্কার নির্দেশনা ধার্য করেছে। পূর্বে বিভিন্ন রাষ্ট্রে তাদের নিজস্ব আলাদা আলাদা শিক্ষা পদ্ধতি ছিল। তার মানে  হলো ইউ এস এ-র শিক্ষার্থীরা ভিন্ন ভিন্ন মাত্রা এবং ধারণার উপর শিখছিল। কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীকে উন্নতমানের শিক্ষার সমান সুযোগ দিচ্ছে। ফলে শিক্ষায়, পেশায় এবং জীবনে সাফল্যের সম্ভাবনা আরও বেড়ে যায়।

**প্রশ্নঃ যদি পড়ার মান বাড়ানো হয় তাহলে শিক্ষার্থীদের স্কুল থেকে ঝড়ার পড়ার সম্ভাবনা বাড়বে কি?**
**উত্তরঃ** শিক্ষার্থীদের স্কুল থেকে ঝরে পড়ার সম্ভাবনা বাড়বে না। অনুসন্ধান বলে যে, একজন ছাত্র বিদ্যালয় থেকে ঝড়ে পড়ার ক্ষেত্রে অনেক ব্যাপার একসাথে আসে। গভেষনায় আরো দেখা যায় ছাত্রছাত্রীরা বিদ্যালয়ে আরো কঠিন বিষয়ের মুখোমুখি হতে চায়। ঝড়ে পড়া শিক্ষার্থীদের ১০ জনের মধ্যে ৭ জন বলে যে, বিদ্যালয়ে তারা পরিশ্রম করার জন্য উৎসাহিত হতো না। ঝড়ে পড়া শিক্ষার্থীর দুই তৃতীয়াংশ বলে যে তাদের বলা হলে তারা অধিকরত কঠোর পরিশ্রম  (যেমন উচ্চতর একাডেমিক প্রত্যাশা, বেশি পড়া এবং বেশী বাড়ীর কাজ) করতে পারতো।[1]

**প্রশ্নঃ ইংরেজী ভাষা সাহিত্য ও গণিতে কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড গ্রহণের ফলে কি অন্যান্য বিষয় যেমন কলা অথবা পেশা এবং কারিগরি শিক্ষায় শিক্ষার্থীদের সুযোগ সীমাবদ্ধ হয়ে যাচ্ছে?**
**উত্তরঃ** না, নিউইয়র্ক এটার গুরুত্ব বুঝতে পারে যে, বিদ্যালয়ের বাইরে ছাত্রছাত্রীদের সফলতার জন্য সকল বিষয়ে দক্ষতার প্রয়োজন। রাষ্ট্রের ভবিষ্যতের জন্য পূর্ণ বিকশিত স্নাতক শিক্ষার্থীর দরকার। কমন কোর স্ট্যান্ডার্ড এর স্বচ্ছ মান প্রকৃতপক্ষে শিক্ষকদেরকে বিষয়াবলীর মাঝে শিক্ষার সমন্বয় ঘটাতে সহায়তা করে। এর মানে হচ্ছে শিক্ষার্থীদেরকে একইসাথে গণিত, বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, ইংরেজি ভাষা শিক্ষা এবং অন্যান্য বিষয়ে জ্ঞান দেয়া হবে।

**প্রশ্নঃ কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড কি অবাস্তব উচ্চ প্রত্যাশা তৈরীর মাধ্যমে মানহীন বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য শাস্তি স্বরূপ?**
**উত্তরঃ** না, প্রায়শঃই মানহীন বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছে সাধারণ মানের প্রত্যাশা করা হয়। নিউ ইয়র্ক কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড গ্রহন করেছে যাতে সব বিদ্যালয়ের ছাত্রছাত্রীরাই চমৎকার শিক্ষা পায়।

**পরিভাষা:**

- পরিবর্তন (শিফ্ট) - কিভাবে শিক্ষক শেখান এবং কিভাবে ছাত্র শেখে তার পরিবর্তন
- পাঠ (টেক্সট) - যেকোন লিখিত কাজ
- তথ্যভিত্তিক সাহিত্য (নন-ফিকশন)- বাস্তব জীবনের যে কোন বিষয় বা সত্য ঘটনার উপর পাঠ্য
- প্রমাণ (এভিডেন্স)- বই থেকে কিছু প্রমান
- যুক্তি-তর্ক (আরগুমেন্ট)- কিভাবে শিক্ষার্থীরা কোন বিষয়ে কাউকে বুঝাতে সক্ষম হবে
- বিবেচনা (জাজমেন্ট) - শিক্ষার্থীরা কি পড়ছে তার উপসংহার
- গুরুত্ব (ফোকাস) - অল্প বিষয়ের উপর অধিক মাত্রায় জানা
- গতি এবং সঠিকতা (স্পিড এন্ড এ্যাকুরেসি) - শিক্ষার্থীরা কত দ্রুত সঠিকভাবে গনিতের সমস্যার সমাধান করতে পারে

**উৎস:**

- কমন কোর স্টেট স্ট্যান্ডার্ড উদ্যোগ: http://www.corestandards.org/
- গ্রেট সিটি বিদ্যালয় পরিষদ: http://www.cgcs.org
- এনগেজ এন ওয়াই: www.engageny.org
- জাতীয় পি টি এ: http://pta.org

[1] Civic Enterprises. *The Silent Epidemic: Perspectives of High School Dropouts*. March 2006.
http://www.saanys.org/uploads/content/TheSilentEpidemic-ExecSum.pdf